



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/৩৪৮২১

তারিখ: ১৫.০১.২০২০খ্রি.

## বিষয়: সাময়িক বরখাস্তের বিষয়ে কারণ দর্শানোসহ স্ব-পদে বহাল প্রসঙ্গে

- সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৯১১১৪৯২৩/ময়মনসিংহ-৩১৭/৩৩০৪/৯; তারিখ: ১৪/০৮/২০১৯ খ্রি.  
২) উপজেলা নির্বাহী অফিসারের স্মারক নং-০৫.৪৫.৬১২০.০০০.৪১.০০২.১৯-৮৯৫; তারিখ: ০৮/১২/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া উপজেলাধীন মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসার সহকারি মৌলভী জনাব মো: আব্দুল কুদ্দুস (সাময়িক বরখাস্তকৃত) ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে উল্লেখ করেন-তিনি প্রথম জুনিয়র শিক্ষক হিসেবে বিগত ১৭/১১/১৯৯৪খ্রি: তারিখে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ১২/০৮/১৯৯৯খ্রি: তারিখে সহকারি মৌলভী হিসেবে সঠিকভাবে দায়িত্ব পালন করেন। উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটি বিগত ০৮/০৮/২০১১ খ্রি: তারিখে তাকে সম্পূর্ণ অন্যান্য, বে-আইনী এবং বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করেছেন। উক্ত অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহকে পত্র দেয়া হয়।

তদন্তকারী কর্মকর্তা ২নং স্মারকের মাধ্যমে তদন্তপূর্বক মতামত প্রদান করেছেন। তিনি উল্লেখ করেন-সকল কাগজপত্র যাচাই করে প্রতীয়মান হয় যে, অভিযোগকারী জনাব মো: আ: কুদ্দুছ খানকে বিধি বহির্ভূতভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে তা প্রাথমিক সত্যতা পাওয়া গেছে।

বর্ণিত অবস্থায় তদন্তকারী কর্মকর্তার মতামতের আলোকে সহকারি মৌলভী জনাব মো: আ: কুদ্দুস (সাময়িক বরখাস্তকৃত) কে স্বপদে বহাল করে বোর্ডকে অবহিত করাসহ কেন তাকে অনিয়মতান্ত্রিকভাবে দীর্ঘদিন সাময়িক বরখাস্ত রাখা হয়েছে সে বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ১০(দশ) কার্য দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৫.০১.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

প্রাপক: ১। সভাপতি/কমিটির সদস্যবৃন্দ, মজর আলী আকন্দ দাখিল মাদ্রাসা  
ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ

২। সুপার, মজর আলী দাখিল মাদ্রাসার  
ডাকঘর: বাকতা, উপজেলা: ফুলবাড়িয়া, জেলা: ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-৩১৭/ /

তারিখ: ০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৪. জনাব মো: আ: কুদ্দুস খান, সহকারি মৌলভী (সাময়িক বরখাস্ত)  
গ্রাম: ধামর, ডাকঘর: ধামর, ফুলবাড়িয়া, ময়মনসিংহ;
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪